# বিজ্ঞপ্তি - ১

তারিখ ঃ ৩১/১২/২০২৫, কলকাতা

AF

# West Bengal Motion Picture Artists' Forum

Regd No. 22893

আয়োজিত

## বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন (২০২৬ ও ২০২৭)

**তারিখ ঃ ৮ই ফেব্রুয়ারী ২০২৬ (দ্বিতীয় রবিবার)**

**স্থান ঃ টেকনিশিয়ান্স স্টুডিও (টালিগঞ্জ)**

**বার্ষিক সাধারণ সভা ঃ সকাল ৯ টা ।। নির্বাচন ঃ দুপুর ১২ টা থেকে বিকেল ৫ টা**

## বার্ষিক সাধারণ সভায় আলোচ্য বিষয়

১। বিদায়ী সম্পাদকের বিবৃতি

২। বার্ষিক আয়-ব্যয়ের হিসাব পেশ

৩। ওয়েবসাইট ও মোবাইল অ্যাপ সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রকাশ ও আলোচনা

৪। বিবিধ

## নির্বাচনী নির্ঘণ্ট

১। **মনোনয়নপত্র বন্টন** ঃ ১২-১৪ই জানুয়ারি ২০২৬ (দুপুর ১ টা থেকে সন্ধে ৭ টা)

২। **মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ** ঃ ১৬ই জানুয়ারি ২০২৬ (সন্ধে ৭ টা)

৩। **নাম প্রত্যাহারের তারিখ** ঃ ১৭ এবং ১৯শে জানুয়ারি ২০২৬ (দুপুর ১ টা থেকে সন্ধে ৭ টা)

৪। **চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ** ঃ ২১শে জানুয়ারি ২০২৬ (সন্ধে ৬ টা)

৫। **নির্বাচনী প্রচার** ঃ ২২শে জানুয়ারি ২০২৬ - ৬ই ফেব্রুয়ারী ২০২৬ (সন্ধে ৬ টা)

৬। **ভোটগ্রহণ** ঃ ৮ই ফেব্রুয়ারী ২০২৬ (দুপুর ১২ টা থেকে বিকেল ৫ টা)

৭। **ভোট গণনা** ঃ ৮ই ফেব্রুয়ারী ২০২৬ (ভোটগ্রহণ শেষ হওয়ার ৩০মিনিট পরে শুরু হবে)

৮। **নির্বাচনী ফল প্রকাশ** ঃ ৮ই ফেব্রুয়ারী ২০২৬ (ভোট গণনা শেষ হওয়া মাত্র)

## সদস্যদের প্রতি

১।প্রত্যেক সদস্য / সদস্যাদের ওই দিন ফোরামের কার্ড অথবা সাম্প্রতিক চাঁদার রসিদ সঙ্গে রাখা বাধ্যতামূলক। অনথ্যায়, অনুষ্ঠানে প্রবেশাধিকার দেওয়া সম্ভব হবেনা। যদি কোন কারণে এর কোনটাই সদস্য / সদস্যার কাছে না থাকে, তাহলে দয়া করে ৩১/০১/২০২৬ তারিখের মধ্যে ফোরাম অফিসে সশরীরে যোগাযোগ করুন।

২। ২০২৪ সাল পর্যন্ত সদস্যপদ নবীকরণ করা না থাকলে, বার্ষিক সাধারণ সভা ও নির্বাচনে কোনভাবেই অংশগ্রহণ করা যাবেনা। তবে, আজীবন সদস্য / সদস্যাদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য নয়।

৩। ভোট দেওয়ার আগে ভোটদানের পদ্ধতি ভালো করে বুঝে নিন।

৪। আপাতত, সদস্যপদ নবীকরণের শেষ তারিখ ৩১শে জানুয়ারী ২০২৬।

৫। ১লা ফেব্রুয়ারী ২০২৬ থেকে ১০ই ফেব্রুয়ারী ২০২৬ পর্যন্ত সদস্যপদ নবীকরণ প্রক্রিয়া সম্পূর্ণভাবে বন্ধ থাকবে। বার্ষিক সাধারণ সভা ও নির্বাচনের দিন সভাস্থলে কোনভাবেই সদস্যপদ নবীকরণ করা যাবেনা।

বিশদে জানতে যোগাযোগ করুন ঃ **7044061901** (অমিত) / **7044064901** (অর্যমা)

**উক্ত সভায় / নির্বাচনে সকল সদস্য / সদস্যাদের উপস্থিতি বাধ্যতামূলক**

তারিখ ঃ ৩১/১২/২০২৫, কলকাতা

Regd No. 22893

# West Bengal Motion Picture Artists' Forum

আয়োজিত

# বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন (২০২৬ ও ২০২৭)

## পদপ্রার্থীদের নিয়ম ও শর্তাবলী

১। প্রার্থীকে নূন্যতম ৭ বছরের পুরোনো সদস্য হতে হবে। অর্থাৎ ২০১৯-এর পর যারা সদস্যপদ পেয়েছেন তারা নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।

২। প্রার্থীদের ২০২৪ সাল পর্যন্ত সংগঠনের সদস্যপদ নবীকরণ করা থাকতে হবে। আজীবন সদস্যদের ক্ষেত্রে কোনও বাধা নেই।

৩। প্রত্যেক প্রার্থীকে নিজে এসে মনোনয়নপত্র সংগ্রহ করতে ও জমা দিতে হবে। যারা কলকাতার বাইরে থাকার কারণে বা অসুস্থতার কারণে সশরীরে হাজির থাকতে পারবেন না তারা নির্বাচিত প্রতিনিধি (ফোরামের সদস্য) পাঠিয়ে মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দিতে পারবেন। মনোনয়নপত্র পূরণ করে নির্দিষ্ট দিনের মধ্যে একটি মুখবন্ধ খামে ফোরামে জমা দিতে হবে।

৪। প্রত্যেক প্রার্থীকে মনোনয়নপত্র সংগ্রহ করার সময় ২ (দু) কপি পাসপোর্ট সাইজ ছবি ও ফোরামের কার্ড-এর দু-পিঠের ফটোকপি অথবা সদস্য চাঁদার রসিদ আনতে হবে।

৫। যে কোনও প্রার্থীর মনোনয়নপত্রে প্রস্তাবক ও সমর্থক হিসেবে ফোরামের আরও দুজন সদস্যের (তাদেরও ২০২৪ সাল অবধি সদস্যপদ নবীকরণ করা থাকতে হবে) সদস্যক্রমসহ স্বাক্ষর লাগবে। একজন সদস্য সর্বাধিক দুজনের মনোনয়নপত্রে প্রস্তাবক/সমর্থক হিসেবে স্বাক্ষর করতে পারবেন।

৬। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্যই মনোনয়নপত্র জমা দিতে পারবেন।

৭। প্রত্যেক প্রার্থীকে নির্বাচনের দিন সশরীরে উপস্থিত থাকতে হবে। যারা কলকাতার বাইরে থাকার কারণে বা অসুস্থতার কারণে সশরীরে হাজির থাকতে পারবেন না তাদের হয়ে তাদের মনোনীত প্রতিনিধিকে (ফোরামের সদস্য) উপস্থিত থাকতে হবে। এর সমর্থনে অবশ্যই যথোপযুক্ত নথি পেশ করতে হবে।

৮। চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের আগে কোনও প্রার্থী নিজের বা অন্য কোন প্রার্থীর হয়ে প্রচার করতে বা করাতে পারবেন না।

৯। কোন প্রার্থী অন্য কোন প্রার্থীর বিরুদ্ধে কোনরূপ কুৎসা রটাতে বা অসম্মান প্রদর্শন করতে পারবেন না।

১০। নির্বাচন ক্ষেত্রের ৪০০ (চারশো) মিটারের মধ্যে কোনরূপ প্রচার নিষিদ্ধ।

১১। কোন প্রার্থীই কোন ভোটারকে প্রভাবিত করার জন্য কোনরূপ ভয় বা প্রলোভন প্রদর্শন করতে পারবেন না।

১২। কোন প্রার্থীর নির্বাচনী প্রচারের জন্য কোথাও যেন কোন শ্যুটিং বিঘ্নিত না হয়।

১৩। আর্টিস্টস্ ফোরামের আগামী কার্যকরী সমিতি নির্বাচিত হওয়া পর্যন্ত আর্টিস্টস্ ফোরামের সমগ্র নির্বাচনী গতিবিধি বিদায়ী কার্যকরী সমিতি ও নির্বাচনী আধিকারিকদের দ্বারা নিয়ন্ত্রিত থাকবে। যে কোনোও প্রার্থী বা ভোটারের কোনরূপ আচরণে নির্বাচনবিধি লঙ্ঘিত হলে তার বিরুদ্ধে বিদায়ী কার্যকরী সমিতি ও নির্বাচনী আধিকারিকদের সিদ্ধান্তই চূড়ান্ত।

**মনোনয়নপত্র পূরণে কোনো ভুল বা কাটাকুটি থাকলে তা বাতিল বলে গণ্য হবে।**